



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জমাকৃত অভিযোগ ও নিষ্পত্তি ব্যবস্থা

স্মারক নং-ঢাশিবো/বি/এপিএ/অভি:/৬১৬;

তারিখ-৩০/০৬/২০২২

বিগত ০১/০৪/২০২২ হতে ৩০/০৬/২০২২ পর্যন্ত ০৫ টি অভিযোগ পাওয়া যায় এবং উক্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়।

অভিযোগ-১

প্রতিষ্ঠানের নাম: বাস্কাবাড়ী জে. বি. পি উচ্চ বিদ্যালয়, কোটালীপাড়া গোপালগঞ্জ।

অভিযোগকারীর নাম: সভাপতি, ম্যানেজিং কমিটি, বাস্কাবাড়ী জে. বি. পি উচ্চ বিদ্যালয়, কোটালীপাড়া গোপালগঞ্জ।

প্রাপ্ত অভিযোগ: বাস্কাবাড়ী জে. বি. পি উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে মনোনীত মো: হান্নান মোল্লার বিরুদ্ধে স্কুলের অর্থ আত্মসাৎ মামলা বিচারাধীন থাকায় কমিটির অনুমোদন না দেওয়ার জন্য আবেদন।

গৃহীত ব্যবস্থা: উপস্থাপিত অভিযোগ তদন্ত করার জন্য বোর্ডের উপ-বিদ্যালয় পরিদর্শক জনাব আবদুর রহমান শিকদার ও সহকারী বিদ্যালয় পরিদর্শক জনাব মো: মঈন উদ্দিন-এর নামে অফিস আদেশ প্রদান করা হয়।

অভিযোগ-২

প্রতিষ্ঠানের নাম: বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ, বনানী, ঢাকা।

অভিযোগকারীর নাম: জনাব মো: আসাদুজ্জামান বাবু, অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী (মাধ্যমিক শাখা), বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ।

প্রাপ্ত অভিযোগ: বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজের বাদপড়া শিক্ষার্থীদের অভিভাবক এবং ৬ষ্ঠ শ্রেণি ও একাদশ শ্রেণির শিক্ষার্থীর অভিভাবকদের ভোটের তালিকা অর্ন্তভুক্ত করে গভর্নিং বডি নির্বাচন করা প্রসঙ্গে।

গৃহীত ব্যবস্থা: বনানী বিদ্যালয়, বনানী, ঢাকা-এর গভর্নিং বডি অনুমোদনের লক্ষ্যে গঠিত কমিটির বিরুদ্ধে উক্ত কলেজের মাধ্যমিক শাখার অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী জনাব মো: আসাদুজ্জামান বাবু (ভোটার নম্বর- ০৮৯৩) এর প্রেক্ষিতে সরেজমিনে তদন্তের লক্ষ্যে পরিদর্শন করার জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ) জনাব মো: হেলাল উদ্দিন এবং সহকারী কলেজ পরিদর্শক জনাব সুশান্ত কুমার রাহা-কে অফিস আদেশ প্রদানের মাধ্যমে নির্দেশক্রমে অনুরোধ করা হয়।

অভিযোগ-৩

প্রতিষ্ঠানের নাম: ছিট মামুদপুর উচ্চ বিদ্যালয়, মির্জাপুর, টাংগাইল।

অভিযোগকারীর নাম: জনাব মো: আনিসুর রহমান, অভিভাবক, ছিট মামুদপুর উচ্চ বিদ্যালয়, মির্জাপুর, টাংগাইল।

প্রাপ্ত অভিযোগ: নবগঠিত ম্যানেজিং কমিটিতে কোন নির্বাচন ছাড়াই প্রধান শিক্ষকের যোগসাজসে গোপনে কমিটি করেছে। যাহা সম্পূর্ণ অবৈধ। এই কমিটিতে কোন অভিভাবক সদস্যদের নির্বাচন দেওয়া হয় নাই। ভূয়া অভিভাবক সদস্য বানিয়ে কমিটি গঠন করা হয়। নির্বাচনের নিয়ম অনুযায়ী নির্বাচনী ফরম বিক্রি করা হয় নাই। বর্তমানে একজন অভিভাবক সদস্য মন্তব্য করেন যে, আমি তো জানি না কখন কোন দিন বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নির্বাচন হয়েছে আমার জানা নেই, তবে আমি কিভাবে কমিটিতে অভিভাবক সদস্য নির্বাচিত হলাম তাও আমি জানি না। এইভাবে ৩জন অভিভাবক সদস্য একই রকম বক্তব্য ব্যক্ত করেন। প্রধান শিক্ষক গোপনে বিপুল অর্থ নিয়ে কমিটি বানিয়েছে। নতুন কমিটি নিয়ে এলাকায় জানাজানি হলে ব্যাপক গোলমালের সৃষ্টি হয়। তাই বিদ্যালয়ের বৃহত্তর স্বার্থে আমরা সকলে উক্ত কমিটির বিরুদ্ধে আনীত অভিযোগগুলি সরেজমিনে তদন্ত করে উক্ত কমিটি ভেঙ্গে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করে আবেদন দাখিল করেন।

গৃহীত ব্যবস্থা: অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য বোর্ডের সহকারী বিদ্যালয় পরিদর্শক জনাব মো: মঈন উদ্দিন-এর নামে বোর্ডের ২৬/০৫/২০২২ তারিখের ঢাশিবো/বি/টাং/৪৮৯ নং স্মারকের পত্রের মাধ্যমে অফিস আদেশ প্রদান করা হয়েছে।

অভিযোগ-৪

প্রতিষ্ঠানের নাম: বাউনিয়া আব্দুল জলিল উচ্চ বিদ্যালয়, তুরাগ, ঢাকা।

অভিযোগকারীর নাম: বিদ্যালয়ের কতিপয় শিক্ষকবৃন্দ, বাউনিয়া আব্দুল জলিল উচ্চ বিদ্যালয়, তুরাগ, ঢাকা।

প্রাপ্ত অভিযোগ: বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: আব্দুস সামাদ-এর নামে বিভিন্ন দুর্নীতি প্রসঙ্গে।

গৃহীত ব্যবস্থা: অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য বোর্ডের সহকারী বিদ্যালয় পরিদর্শক জনাব মোহাম্মদ ছামিউল আলম এবং জনাব মো: মঈন উদ্দিন-এর নামে বোর্ডের ১৪/০৬/২০২২ তারিখের ঢাশিবো/বি/২৭(গ)/ঢাকা/৫৭৫ নং স্মারকের পত্রের মাধ্যমে অফিস আদেশ প্রদান করা হয়েছে।

অভিযোগ-৫

প্রতিষ্ঠানের নাম: বাড্ডা আলাতুননেছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, বাড্ডা, ঢাকা।

অভিযোগকারীর নাম: জনাব মো: মানিক মিয়া, অভিভাবক, বাড্ডা আলাতুননেছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, বাড্ডা, ঢাকা।।

প্রাপ্ত অভিযোগ: অভিযোগ পত্রে উল্লেখ করেন যে, অত্র বিদ্যালয়ে ২০২০ সালের পর হইতে কোন নিয়মিত গভর্নিং বডি গঠন না করিয়া বিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও অত্র এলাকার কুচক্রি মহল নিজেদের স্বার্থ চরিতার্থ করার স্বার্থে অত্র বিদ্যালয়ে নিয়মিত গভর্নিং বডি গঠন না করে একাধিকবার এডহক কমিটি গঠন করে বিদ্যালয়ের সকল প্রকার কার্যাদি পরিচালনা করে আসিতেছেন। যাহা অত্র বিদ্যালয়ের সকল প্রকার সুষ্ঠু পরিবেশের পরিপন্থি।

গৃহীত ব্যবস্থা: অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য বোর্ডের উপ-বিদ্যালয় পরিদর্শক জনাব মো: আরিফুল হক এবং সহকারী কলেজ পরিদর্শক জনাব সুশান্ত কুমার রাহা-এর নামে বোর্ডের ১৯/০৬/২০২২ তারিখের ৭৩১/ক/স্বী/৯৭/২১০৬ নং স্মারকের পত্রের মাধ্যমে অফিস আদেশ প্রদান করা হয়েছে।




প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঞা

ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিদ্যালয় পরিদর্শক

অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রণয়ন কমিটি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
আবেদন গ্রহণের তারিখ: ২৬/০৩/২০২২
স্বাক্ষর: 
বিন্যাসের শাখা।

বরাবর,

চেয়ারম্যান,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

বিষয়: কোটালীপাড়া উপজেলাধীন বাস্কাবাড়ী জে.বি.পি উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে মনোনীত মোঃ হান্নান মোল্লার বিরুদ্ধে স্কুলের অর্থ আত্মসাৎ মামলা বিচারাধীন থাকায় কমিটির অনুমোদন না দেওয়ার জন্য আবেদন প্রসঙ্গে।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী বাস্কাবাড়ী জে.বি.পি উচ্চ বিদ্যালয়ের বর্তমান সভাপতি। নুতন নির্বাচিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে মোঃ হান্নান মোল্লাসহ পূর্ণাঙ্গ কমিটির অনুমোদনের জন্য আপনার দপ্তরে প্রেরিত হইয়াছে। যেহেতু মোঃ হান্নান মোল্লার বিরুদ্ধে ২০১৮-২০২০ সালে সভাপতি থাকাবস্থায় বিদ্যালয়ের ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আত্মসাৎ এর বিরুদ্ধে মোকদ্দমা নং কোটা সিআর ১২২/২০২২ ধারা ৪০৮/৪২০/৩৪ বিচারাধীন আছে এবং কোটালীপাড়া উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ৩ সদস্য বিশিষ্ট কমিটি উক্ত মোঃ হান্নান মোল্লার বিরুদ্ধে অর্থ আত্মসাৎ এর বিষয় তদন্তাধীন আছে। উহা ব্যতীত ঢাকা সি আর ১৬৭৪/১৯ ধারা ১৩৮ ধারার মোকদ্দমা বিচারাধীন। এমতাবস্থায় দুর্নীতি প্রায়ন ব্যক্তির নাম সভাপতি হিসাবে অনুমোদন স্থগিত করা একান্ত আবশ্যিক।

অতএব, কমিটি অনুমোদন স্থগিত করিতে মর্জি হয়।

বিলীত

তারিখ: ২৬/০৩/২০২২ খ্রি:

সংযুক্ত:

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কর্তৃক তদন্ত টিমের ফটোকপি- ১ ফর্দ।
- ২। মোকদ্দমার আরজি ৬ ফর্দ।
- ৩। ঢাকা সি আর ১৬৭৪/১৯ মোকদ্দমার ফটোকপি।

হাজিরা মোঃ আব্দুল হক

সভাপতি

হান্নান মোল্লা, জে.বি.পি.

উচ্চ বিদ্যালয়

২৭.৬.২২



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/অ/৯১/গোপাল/ ৬৮২

তারিখ : ০২/০৮/২০২২


বিষয় : তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ২০/০৩/২০২২ তারিখের অভিযোগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলাধীন বান্ধাবাড়ী জে বি পি উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি সভাপতি মো: হান্নান মোল্লার এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ পাওয়া গেছে (কপি সংযুক্ত)। উক্ত অভিযোগ এবং বিদ্যালয়ের সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২। ঢাকা শিক্ষা বোর্ডের প্রচলিত বিধি মোতাবেক পরিদর্শন কর্মকর্তাকে টিএ/ডিএ প্রদান করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে,


০২/০৮/২০২২

প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

✓প্রাপকঃ আবদুর রহমান শিকদার
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।
জনাব মো: মঈন উদ্দিন
সহকারী- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।


৬/৮/২২

মেমো নং-

তারিখ :

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। প্রধান শিক্ষক বান্ধাবাড়ী জে বি পি উচ্চ বিদ্যালয়,
পোঃ, বান্ধাবাড়ী উপজেলাঃ কোটালীপাড়া, জেলাঃ গোপালগঞ্জ।
- ৫। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

তারিখঃ ২০/০৩/২০২২ইং

বরাবর,
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

জনাব প্রদর্শন
২২/০৩/২২

১. নথি	২. নথি
৩. নথি	৪. নথি
৫. নথি	৬. নথি

বিষয়ঃ বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজের বাদপড়া শিক্ষার্থীদের অভিভাবক এবং ৬ষ্ঠ শ্রেণী ও একাদশ শ্রেণীর শিক্ষার্থীর অভিভাবকদের ভোটার তালিকা অন্তর্ভুক্ত করে গভর্নিং বডি নির্বাচন করা প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ আসাদুজ্জামান বাবু, অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী (মাধ্যমিক শাখা), বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির নির্বাচন ২০২১ইং শিক্ষাবর্ষের মাধ্যমিক শাখায় মোট শিক্ষার্থী ৩৩২০ জনের মধ্যে ১৬৮১ জনকে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করে বাকি শিক্ষার্থীর অভিভাবকদের ভোটার অধিকার বর্ধিত রেখে স্মারক নং- ৩০, তারিখ- ০৪/০১/২০২২ইং নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। তফসিলে নির্বাচনের ভোট গ্রহণের তারিখ ধার্য করা হয় ২৮/০১/২০২২ইং কিন্তু কোভিড-১৯ প্রকট আকার ধারণ করায় নির্বাচন স্থগিত হয়। ইতিমধ্যে সকল শ্রেণীর শিক্ষার্থী উপরের শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছে। উক্ত তফসিলে ৬ষ্ঠ শ্রেণী এবং একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের অভিভাবকগণ ভোটার হওয়া থেকে বর্ধিত থাকে। কোভিড-১৯ স্বাভাবিক হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান খুললে পাতানো নির্বাচন করার লক্ষ্যে তাড়াহুড়া করে হিনস্বার্থ হাসিল করার উদ্দেশ্যে ০৫/০৩/২০২২ইং নির্বাচনের তারিখ ঘোষণা করে। তফসিলে বর্ণিত নির্বাচন ঘিরে নানা অনিয়ম অনাচার এবং নির্বাচন আচরণ বিধি ব্যাপক ভাবে লঙ্ঘন হয়েছে। পরবর্তীতে একজন শিক্ষার্থীর অভিভাবক আদালত কর্তৃক রিট করলে নির্বাচন পুনরায় স্থগিত হয়ে যায়। উল্লেখিত তফসিলে দ্বাদশ শ্রেণীর ২ জন শিক্ষার্থীর অভিভাবক উচ্চ মাধ্যমিক শাখায় অভিভাবক প্রতিনিধি পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়। নির্বাচনের বিধি মালায় করিতে পারে। তাই আমি /আমরা বিশ্বাস করি এত ব্যাপক সংখ্যক অভিভাবকদের ভোটার অধিকার বর্ধিত রেখে আদৌ একটি প্রকৃত গ্রহণযোগ্য অভিভাবক প্রতিনিধি গঠন করা সম্ভব নয়। এমতাবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে একটি তদন্ত কমিটি গঠন করে সুষ্ট নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অতএব, মহোদয় সমীপে আরজ উপরোক্ত বিষয় বিবেচনা করে পূর্বের তফসিল বাতিল ও হালনাগাদ ভোটার তালিকা প্রণয়ন করে অবাধ-সুষ্ঠ, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য এবং সকলের অংশগ্রহণ মূলক নির্বাচনের নতুন তফসিল ঘোষণা পূর্বক নির্বাচনের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণে আপনার মর্জি হয়।

বিনীত নিবেদক

মোঃ আসাদুজ্জামান বাবু
অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী (মাধ্যমিক শাখা)
বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ
ভোটার নং-০৮৯৩
বনানী, ঢাকা।

মোবাইল : ০১৮১৬৬৫২২১২

ই-মেইলঃ azbabubabu21261@gmail.com

সোনালী সেবা নম্বর
2203200450097782



সোনালী ব্যাংক লিমিটেড

শাখা

বোর্ডের অংশ
জমা তারিখ

২০-০৩-২০২২ খ্রিষ্ট তারিখ

স্কুল/কলেজের নামঃ BANANI BIDYANIKETAN SCHOOL & COLLEGE, PIN: 108016 অধিকারীর নামঃ MD. ASADUZZAMAN BABU এর পক্ষ থেকে
অন্যান্যঃ Others, খাতঃ Miscellaneous এর বিপরীতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, বিদ্যাইএসই, ঢাকা শাখা, হিসাব নম্বরঃ
4402433000013, সোনালী ব্যাংক লিমিটেড এর অনুকূল সোনালী সেবা-সহযোগিতা এর মাধ্যমে প্রেরণের জন্য নগদ/চেক নং _____ এর তারিখ _____
ব্যাংক ও শাখার নাম _____ এর মাধ্যমে ফি বাবদ 3000.00 (তিন হাজার) টাকা, কমিশন 30.00 (ত্রিশ) টাকা,
অনলাইন সার্ভিস চার্জ 20.00 (বিশ) টাকা, জায়ে 8.00 (আট) টাকা। সর্বমোট 3058.00 (তিন হাজার আটটি) টাকা জমা করা হলো।

ব্যাংক শাখার সীল

ব্যাংক জুল নং

অফিসার (ক্যাশ)/ক্যাশিয়ার এর স্বাক্ষর

অনুমোদিত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd
১৩-১৪, জয়নাথ রোড, বক্সিবারা, ঢাকা - ১২১১



নং : ৩২৭/ক/অনুঃ/২০১৩/.....২৫০৪

তারিখ : ...২৫/০৪/২০২২

বিষয় : বনানী বিদ্যালয়, বনানী, ঢাকা -এর সরেজমিনে তদন্তের লক্ষে পরিদর্শন প্রসঙ্গে।

সূত্র : (১) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা -এর অনলাইন ই-নথি আবেদনের আইডি নম্বর ২০৭২০ এর আদেশ।
(২) বনানী বিদ্যালয়, বনানী, ঢাকা -এর মাধ্যমিক শাখার অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী জনাব আসাদুজ্জামান বাবু (ভোটার নম্বর - ০৮৯৩) এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ঢাকা মহানগরীর বনানীতে অবস্থিত “বনানী বিদ্যালয়” - এর গভর্নিং বডি অনুমোদনের লক্ষে গঠিত কমিটির বিরুদ্ধে উক্ত কলেজের মাধ্যমিক শাখার অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী জনাব মোঃ আসাদুজ্জামান বাবু (ভোটার নম্বর - ০৮৯৩) এর অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে তদন্তের লক্ষে পরিদর্শন করার জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ), জনাব মোঃ হেলাল উদ্দিন এবং সহকারী কলেজ পরিদর্শক, জনাব সুশান্ত কুমার রাহা - কে নির্দেশক্রমে অনুরোধ হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। বিধি মোতাবেক তদন্তকারী কর্মকর্তা টি.এ/ডি.এ প্রাপ্য হবেন।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর আবু তাহের মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৮৬১২৪৭৬, মোবাইল : ০১৫৫০৪১১২০৪

মেমো নং :২৫০৪(৫)


তারিখ : ...২৫/০৪/২০২২

অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :


- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৩) জনাব মোঃ হেলাল উদ্দিন, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৪) জনাব সুশান্ত কুমার রাহা, সহকারী কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৫) পি. এস. টু চেয়ারম্যান,
- (৬) অফিস কপি


কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা



চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

২৬/০৪/২০২২ খ্রিঃ
স্বাক্ষর = 

বিষয় : ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, টাংগাইল জেলার মির্জাপুর উপজেলাধীন ছিট মামুদপুর উচ্চ বিদ্যালয়, ই,আই,আই,এন নং-১১৪৪৬২, ম্যানেজিং কমিটিতে বিভিন্ন অনিয়ম করিয়া কমিটি গঠন করিয়াছে। এই কমিটিতে কোন নির্বাচন ছাড়াই প্রধান শিক্ষক এর যোগসাজসে গোপনে কমিটি করেছে। যাহা সম্পূর্ণ অবৈধ। এই কমিটিতে কোন অভিভাবক সদস্যদের নির্বাচন দেওয়া হয় নাই। ভূয়া অভিভাবক সদস্য বানিয়ে কমিটি করা হয়। নির্বাচনের নিয়ম অনুযায়ী নির্বাচনী ফরম বিক্রি করা হয় নাই। বর্তমানে একজন অভিভাবক সদস্য মন্তব্য বলেন যে, আমি তো জানি না কখন কোন দিন বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নির্বাচন হয়েছে আমার জানা নেই, তবে আমি কিভাবে কমিটিতে অভিভাবক সদস্য নির্বাচিত হলাম তাও আমি জানি না। এইভাবে ওজন অভিভাবক সদস্য একই রকম বক্তব্য ব্যক্ত করেন। প্রধান শিক্ষক গোপনে বিপুল অর্থ নিয়ে কমিটি বানিয়েছে। নতুন কমিটি নিয়ে এলাকায় জানা-জানি হলে ব্যাপক গোলমালের সৃষ্টি হয়। তাই বিদ্যালয়ের বৃহত্তর স্বার্থে আমরা সকলে উক্ত কমিটির বিরুদ্ধে আনিত অভিযোগগুলি সরজমিনে তদন্ত করে উক্ত কমিটি ভেঙ্গে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

অতএব মহোদয় সমীপে আকুল আবেদন এই যে, উপরোক্ত বিষয়ে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে আপনার সদয় মর্জি হয়।

নিবেদক

স্বাক্ষীগণের নাম

১। আবু হানিফ শিকদার
ভোটার নং- ২০৩ ও ৩১৪,

২। ইতি
ভোটার নং-১১৩,

৩। আজহার
ভোটার নং- ৯৩

৪। বানেজ উদ্দিন
ভোটার নং- ৩৬২

৫। বদর উদ্দিন, ভোটার নং-১৮


২৬/০৪/২২

মোঃ আনিসুর রহমান
ছাত্র অভিভাবক
ছিট মামুদপুর উচ্চ বিদ্যালয়
মির্জাপুর, টাংগাইল।
মোবাঃ ০১৭৬০২০৭৫৯০





মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ঢাকা।



www.dhakaeducationboard.gov.bd

নং-ঢাশিবি/বি/২৩৯/টাং/ ৪৮৯)

তারিখ : ২৬/০৮/২০২২

বিষয় : তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: জনাব মোঃআনিসুর রহমান কর্তৃক ২৪/০৮/২০২২ তারিখের অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে টাংগাইল জেলার মির্জাপুর উপজেলাধীন “ছিট মাহমুদপুর উচ্চ বিদ্যালয়ের” ম্যানেজিং কমিটির গঠনের কার্যক্রমের বিষয়ে বিভিন্ন অনিয়মের অভিযোগ পাওয়া গেছে (কপি সংযুক্ত)। উক্ত অভিযোগ সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হল।

বিষয়টি জরুরী বিধায় আপনার সহযোগিতা প্রয়োজন।

চেয়ারম্যানের মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক,

জনাব মোঃ মঈন উদ্দিন

সহ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্বাক্ষর:- ৪৮৭)

অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। সভাপতি, ছিট মাহমুদপুর উচ্চ বিদ্যালয়, মির্জাপুর, টাংগাইল।
- ৩। প্রধান শিক্ষক, ছিট মাহমুদপুর উচ্চ বিদ্যালয়, মির্জাপুর, টাংগাইল।
- ৪। অফিস কপি।

৩২- ২৬/০৮/২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৬/০৮/২০২২

তারিখ : ২২/০৩/২০২২

বরাবর

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

১. সচিব	২. পরি
৩. ক.স.	৪. বিদ্যালয়
৫. উপ- (কৃতি)	৬. উপ-পনি (সনদ)
৭. উপ-সাচ্য (প্রশাস)	৮. পিএস

R

বিষয় : অর্থ আত্মসাৎ ও দুর্নীতির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন।

জনাব

স্বাক্ষরিত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা বাউনিয়া আবদুল জলিল উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা বৃন্দ।
প্রশাসনের সদয় অবগতির জন্য জানাইতেছি যে, বাউনিয়া আবদুল জলিল উচ্চ বিদ্যালয়ের বর্তমান প্রধান শিক্ষক মোঃ আব্দুস সামাদ (Index: D276650) বিদ্যালয়ের দায়িত্ব গ্রহণের পর অফিস সহকারী নুরুল ইসলাম গাজীর (Index: D736820) সহযোগীতায় ২০১৪ সাল হইতে দুর্নীতি শুরু করেন। আমাদের সকল শিক্ষক শিক্ষিকার ভবিষ্যৎ কল্যাণের জন্য জনতা ব্যাংক উত্তরা কর্পোরেট শাখায় প্রভিডেন্ট ফান্ড (P.F) এর জন্য প্রত্যেকের নামে পৃথক সঞ্চয়ি হিসাব খোলা হয়েছে। উক্ত প্রভিডেন্ট ফান্ডে (P.F) ২০১৪ সাল হতে ২০১৯ সাল পর্যন্ত ৬ বছরে প্রায় ১৫,০০,০০০/= (পনের লক্ষ) টাকা জমা না দিয়ে প্রধান শিক্ষক মোঃ আব্দুস সামাদ ও অফিস সহকারী নুরুল ইসলাম গাজী যোগসাজে আত্মসাৎ করেছে। বিষয়টি দীর্ঘদিন গোপন ছিল। একজন শিক্ষক ব্যাংক স্টেটমেন্ট তুলে আনলে বিষয়টি সবার নজরে আসে। উক্ত বিষয়ে বর্তমান প্রধান শিক্ষকের নিকট জানতে চাইলে তিনি কোন উত্তর দিতে পারেন না। এই দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ করতে গেলে তিনি চাকরি হারানোর ভয় দেখান এবং শাসান। আরো উল্লেখ থাকে যে, ১ বছর যাবত সকল শিক্ষক ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের বেতন দেওয়া হয় না এতে প্রায় ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা। বেতন চাওয়া হলে করোনা কালীন অসুস্থত দেখায়। কিন্তু করোনা কালীন সময়ে ছাত্রছাত্রীদের নিকট হতে বেতন ঠিকই আদায় করা হয়েছে। আবার ২০২০ সালে স্টুডেন্ট আইডি কার্ড বাদ প্রতি স্টুডেন্টের নিকট হতে ১০০/= (একশত) টাকা করে ১২০০ স্টুডেন্টের নিকট হতে (১২০০x১০০) = ১,২০,০০০/= এক লক্ষ, বিশ হাজার টাকা উত্তোলন করেছে। অধ্যবদি তাদেরকে স্টুডেন্ট আইডি কার্ড দেওয়া হয়নি এমনকি টাকাও ফেরত দেওয়া হয়নি। এইভাবে প্রায় ৬৬,২০,০০০/= (ছেষতি লক্ষ, বিশ হাজার) টাকা আত্মসাৎ করেছে।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, উপরিস্থ বিষয়ে তদন্ত সাপেক্ষে আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার মর্জি হয়।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
আবেদন গ্রহণ
০১.১.০২১

নিবেদক

বাউনিয়া আবদুল জলিল উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা বৃন্দ।

বাউনিয়া, তুরাগ (উত্তরা), ঢাকা।

MPO CODE: 2610061301

EIN: 108196

স্বাক্ষর:.....

বিদ্যালয় শাখা।

- ১। মোঃ আলমাহু উদ্দিন, সিনিয়র শিক্ষক, মোবাইল ০১৭৩৬-০০৬০৫৫
- ২। তাসলিমা আখতার, সিনিয়র শিক্ষক, মোবাইল ০১৭২১-৩৫২২১৬
- ৩। মোঃ শামসুল হক, সিনিয়র শিক্ষক, মোবাইল ০১৭১৫-৭৩২২৫১
- ৪। জিয়াসমিন ফারজানা, সিনিয়র শিক্ষক, মোবাইল ০১৭২২-৭১২৪৬৬
- ৫। মোঃ ফারুক হোসেন, সহকারী শিক্ষক, মোবাইল ০১৩০৫-২৭৯৯৪৭
- ৬। মোঃ আতিকুর রহমান, সহকারী শিক্ষক, মোবাইল ০১৭১০-৬৬৪৩১৪
- ৭। শাহনাজ আক্তার, সহকারী শিক্ষক, মোবাইল ০১৭২৬-৫৪০০৩৯৬
- ৮। শামীমা আক্তার, সহকারী শিক্ষক, মোবাইল ০১৯৩৮-৩০৯৭২৮

স্বাক্ষর
Faruk
.....

সংযুক্তি :

- ১। ব্যাংক স্টেটমেন্টের স্ক্যানকপি।



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/২৭(গ)/ঢাকা/ ৫৭৫

তারিখ : ১৪/৬/২০২২

বিষয় : তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : বিদ্যালয়ের শিক্ষকবৃন্দের ২২/০৩/২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর তুরাগ থানাধীন বাউনিয়া আব্দুল জলিল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অফিস সহকারীর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ পাওয়া গিয়েছে (কপি সংযুক্ত)। উক্ত বিষয়সহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। ঢাকা শিক্ষা বোর্ডের প্রচলিত বিধি মোতাবেক পরিদর্শন কর্মকর্তাকে টিএ/ডিএ প্রদান করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(Signature) ১৪/৬/২০২২

মোঃ আরিফুল হক

বিদ্যালয় উপ-পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : (১) জনাব মোহাম্মদ ছামিউল আলম

বিদ্যালয় সহকারী-পরিদর্শক

✓ (২) জনাব মোঃ মঈন উদ্দিন

বিদ্যালয় সহকারী-পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মেমো নং- ৫৭৫ (৫)

(Signature)
১৪/৬/২০২২

তারিখ :

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। উপপরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। প্রধান শিক্ষক, বাউনিয়া আব্দুল জলিল উচ্চ বিদ্যালয়, ঢাকা ক্যান্টনমেন্ট, তুরাগ, ঢাকা।
- ৪। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।

বিদ্যালয় উপ-পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

২০২২
বরাবর

২০২২
চেয়ারম্যান সাহেব,

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

বকশী বাজার, ঢাকা।

বিষয়ঃ বাড্ডা আলাতুননেছা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় দক্ষিণ বাড্ডা,
বাড্ডা, ঢাকা-১২১২ এর নিয়মিত গভনিং বডি কমিটি পূর্ণগঠন
প্রসঙ্গে।

২০০৬
২৮/০৫/২২
জনাব,

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ মানিক মিয়া, পিতা-মৃত লাল মোহাম্মদ, সাং- প- ৭৯ মধ্য বাড্ডা, থানা-বাড্ডা, ঢাকা-১২১২। আমি অত্র বিদ্যালয়ের একজন ছাত্রীর অভিভাবক বটে। জনাব, লক্ষ্য করা যাইতেছে যে, অত্র বিদ্যালয়ে ২০২০ ইং সালের পর হইতে কোন নিয়মিত গভনিং বডি গঠন না করিয়া বিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও অত্র এলাকার কুচক্রি মহল নিজেদের স্বার্থ চরিতার্থ করার স্বার্থে অত্র বিদ্যালয়ে নিয়মিত গভনিং বডি গঠন না করে একাধিকবার এডহক কমিটি গঠন করে বিদ্যালয়ের সকল প্রকার কার্যাবধী পরিচালনা করে আসিতেছেন। যাহা অত্র বিদ্যালয়ের সকল প্রকার সুষ্ঠু পরিবেশের পরিপন্থি।

অতএব মহোদয়ের সমীপে আরোজ অত্র বিষয়টি গুরুত্বের সহিত বিবেচনা করিয়া ক্ষেত্র মতে তদন্ত করে নিয়মিত গভনিং বডি গঠনের বিহীত ব্যবস্থা গ্রহণের আদেশ দিতে জনাবের মর্জি হয়।

তাং-১৮/০৫/২০২২ ইং।

বিনীত নিবেদক

আপনার বিশ্বস্ত

২৮/০৫/২২
(মোঃ মানিক মিয়া)

পিতা- মৃতঃ লাল মোহাম্মদ

সাং-প-৭৯, মধ্যবাড্ডা

পোঃ-গুলশান, থানা-বাড্ডা

জেলা-ঢাকা-১২১২

মোবাঃ ০১৮১৯৯৪২২৬৪



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৭৩১/ক/স্বী/৯৭/২১০৬

তারিখ: ১৯/০৬/২০২২ খ্রি.

বিষয়: ঢাকা মহানগরীর বাড্ডা থানাধীন “বাড্ডা আলাতুল্লাহা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়”- এর এডহক কমিটির অনিয়মের বিষয়ে তদন্ত প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর বাড্ডা থানাধীন “বাড্ডা আলাতুল্লাহা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়”-এর এডহক কমিটির অনিয়মের বিষয়ে আনীত অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে তদন্ত পূর্বক নিম্নস্বাক্ষরকারীর দণ্ডে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

তদন্ত কমিটি:

- ১। জনাব মোঃ আরিফুল হক
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ২। জনাব সুশান্ত কুমার রাহা
সহকারী কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে


প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ২১০৬(৬)

তারিখ: ১৯/০৬/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। উপ-পরিচালক (হি. ও নি.), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। জনাব মোঃ আরিফুল হক, উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জনাব সুশান্ত কুমার রাহা, সহকারী কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।


কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।